দৈনিক সংবাদ

তারিখ ... 27 DEC 1989
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

43

৪/

# সিলেট কমার্শিয়াল ইনস্টিটিউটে লেখাপড়া ব্যাহত

সিলেট, ২৫শে ডিসেম্বর (জেলা বার্তা পরিবেশক)।— প্রয়োজনীয় শিক্ষক, ভবন ও শিক্ষা উপকরণের অভাবে সিলেট কমার্শিয়াল ইনস্টিটিউটে শিক্ষা দান কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

১৯৮৪ সালে সিলেট কমার্শিয়াল ইনষ্টিটিউটকে পলিটেকনিক ইনষ্টিটিউট থেকে আলাদা করা হয়। অথচ এ পর্যন্ত আলাদা কোন ভবন নির্মাণ করা হয়নি। একটি পুরনো ভবনে কোনমতে কাজ চলছে। প্রয়োজনের তুলনায় শ্রেণী কক্ষের সংখ্যা অর্ধেক। একই অবস্থা পরীক্ষাগারের ক্ষেত্রেও পাঠাগারের জন্যে কোন কক্ষ না থাকায় বইগুলো একটি কক্ষে তালাবদ্ধ করে রাখা হয়েছে। ছাত্রাবাসও নেই। শিক্ষা উপকরণ অপর্যাপ্ত। যা আছে-তাও অনেক দিনের পুরনো। কোনমতে ব্যবহার করা হচ্ছে।

এখন পর্যন্ত সিলেট কমার্শিয়াল ইনষ্টিটিউটে অধ্যক্ষ ও উপাধ্যক্ষের পদ সৃষ্টি করা হয়নি। শিক্ষক যেখানে কমপক্ষে ১২ জন দরকার সেখানে পদ মাত্র ৮টি। এর মধ্যে ৪টি দীর্ঘদিন ধরে শূন্য পড়ে আছে। অন্যান্য কর্মকর্তা-কর্মচারীর পদও অপর্যাপ্ত এবং প্রায় একই হারে খালি। ফলে প্রশাসনিক কাজ-কর্মও বিঘ্নিত হচ্ছে।